# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৭১

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

---

আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَنْمٍ وَأَسْمَاءَ بِنْتِ يَزِيدَ رَضِيَ اللَّهُ عَنْهُمْ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «خِيَارُ عِبَادِ اللَّهِ الَّذِينَ إِذَا رُؤُوا ذُكِرَ اللَّهُ. وَشِرَارُ عِبَادِ اللَّهِ الْمَشَّاؤُونَ بِالنَّمِيمَةِ وَالْمُفَرِّقُونَ بَيْنَ الْأَحِبَّةِ الْبَاغُونَ الْبُرَآءَ الْعَنَتَ» . رَوَاهُمَا أَحْمَدُ وَالْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَان»

বাংলা

৪৮৭১-[৬০], ৪৮৭২-[৬১] ’আবদুর রহমান ইবনু গানম ও আসমা বিনতু ইয়াযীদ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহর প্রিয় বান্দা তারা, যাদেরকে দেখলে আল্লাহকে স্মরণ হয়। আর আল্লাহ তা’আলার নিকৃষ্ট বান্দা তারা, যারা মানুষের পরোক্ষ নিন্দা করে বেড়ায়, বন্ধুদের মধ্যে বিভেদ সৃষ্টি করে এবং পূত-পবিত্র লোকেদের পদস্খলন প্রত্যাশা করে। (বর্ণিত হাদীসদ্বয় আহমাদ ও বায়হাক্বী শু’আবুল ঈমানে বর্ণনা করেছেন।)[1]

ফুটনোট

[1] হাসান লিগয়রিহী : আহমাদ ১৭৯৯৮, শু‘আবুল ঈমান লিল বায়হাক্বী ৬৭০৮, মুসনাদুল বাযযার ২৭১৯, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৮৮৯, সহীহ আল আদাবুল মুফরাফ ২৪৬, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৮১৪, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৯৯০০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (خِيَارُ عِبَادِ اللهِ الَّذِينَ إِذَا رُؤُوا ذُكِرَ اللهُ) আল্লাহর বান্দাদের মধ্যে তারাই উত্তম যাদেরকে দেখলে আল্লাহর স্মরণ হয়। এখানে এ হাদীসের প্রতি ইঙ্গিত রয়েছে- اَلْمُؤْمِنُ مِرْآةُ الْمُؤْمِنِ মু’মিন হচ্ছে অন্তরের আয়না স্বরূপ।

‘আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ হাদীসটির দু’টি মর্মার্থ থাকতে পারে।

১। তারা আল্লাহর সাথে এমন গভীর সম্পর্ক বজায় রাখে যে, তাদেরকে যারাই দেখবে তাদের অন্তরে আল্লাহর স্মরণ জেগে উঠবে, কেননা তাদের চেহারায় ‘ইবাদাতের ছায়া ভেসে রয়েছে।

২। যারাই তাদেরকে দেখবে তারাই আল্লাহকে স্মরণ করবে। যেমন হাদীসে বর্ণিত হয়েছে, النَّظَرُ إِلٰى وَجْهِ عَلِيٍّ عِبَادَةٌ এ হাদীসের মর্ম হলো, ‘আলী (রাঃ) যখন জনসম্মুখে বের হতেন তখন মানুষেরা বলত লা- ইলা-হা ইল্লাল্ল-হ, কেমন সম্মানিত এ বালকটি, কেমন বীরপুরুষ ছেলেটি, এ ছেলেটি কত জ্ঞানী, কত সহিষ্ণু। তাকে দেখলেই তারা তাওহীদের বাণী বলতে উদ্বুদ্ধ হয়।

(وَشِرَارُ عِبَادِ اللهِ الْمَشَّاؤُونَ بِالنَّمِيمَةِ) এবং আল্লাহর বান্দাদের মধ্যে নিকৃষ্টতম হচ্ছে যারা ফিতনাহ্-ফাসাদ সৃষ্টির উদ্দেশে একজনের কথা অন্যজনের নিকট নিয়ে বেড়ায়।

(الْمُفَرِّقُونَ بَيْنَ الْأَحِبَّةِ) প্রিয়জনের মধ্যে বিভাজন সৃষ্টি করে।

(الْبَاغُونَ الْبُرَآءَ الْعَنَتَ) পুত-পবিত্র লোকেদের ধ্বংস, বিপর্যয় ও পদস্খলন কামনা করে।

(মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আসমা বিনতু ইয়াযীদ ইবনুস সাকান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75595

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন